# মিডিয়া ওয়াচের জুন মাসের আইন-শৃঙ্খলার রিপোর্ট

# আত্মহত্যা দুর্ঘটনা সন্ত্রাস ও ধর্ষণের ঘটনা ঘটেছে ১৮১৩টি ॥৯৮৪ জন নিহত, আহত ৪৫৯৭

সারাদেশে গত জুন মাসে আত্মহত্যায়, দুর্ঘটায়, সন্ত্রাস ও ধর্ষণের ঘটনা ঘটেছে ১ হাজার, ৮শ' ১৩টি। এসব ঘটনায় ৯শ' ৮৪ জন নিহত এবং ৪ হাজার ৫শ' ৯৭ জন আহত হয়েছে। ডেমোক্রেসি ওয়াচের মাসিক প্রকাশনা মিডিয়া ওয়াচের রিপোর্টে এ তথ্য জানানো হয়েছে। দেশের শীর্ষস্থানীয় ১৩টি জাতীয় দৈনিকে আইন-শৃঙ্খলা পরিস্থিতির ওপর প্রকাশিত মাসব্যাপী গবেষণামূলক সংবাদের ভিত্তিতে এ রিপোর্টটি তৈরি করা হয়েছে। মিডিয়া ওয়াচের রিপোর্টে বলা হয়, জুন মাসে ২শ' ২টি রাজনৈতিক সংঘর্ষের ঘটনায় নিহত হয় ৩৪ জন এবং আহত হয় ৬শ' ২১ জন। একই সময়ে পুলিশের ২১টি সন্ত্রাসী ঘটনা রিপোর্টে উল্লেখ করা হয়। পুলিশি নিরাপদ হেফাজতে নির্যাতনের ঘটনা ঘটে ৪টি এবং অপরাধমূলক ঘটনা ঘটে ১১টি। এছাড়া পুলিশ কর্তৃক ২ মহিলাকে গত মাসে ধর্ষণেরও রিপোর্ট করা হয়। অন্যদিকে রিপোর্টে আরও বলা হয় এই একই সময়ে ৫০ জন নারী ধর্ষিত হয়েছে এবং বিভিন্ন ঘটনায় গড়ে প্রতিদিন ২ জন নারীর মৃত্যু হয়েছে। রিপোর্টে বলা হয় গত মাসে শিশু নির্যাতনের ঘটনায় ১শ' ৭টি মামলা হয়েছে এবং শিশু ধর্ষণের ঘটনা ঘটেছে ৬১টি এবং এই ধর্ষণের ঘটনায় ৩টি শিশুর মৃত্যু ঘটেছে। এছাড়া গত মাসে ৩শ' ৭টি দুর্ঘটনায় মারা গেছে ৩শ' ৬৭ জন, আত্মহত্যা করেছে ১শ' ৪৪ জন। খবর বিজ্ঞপ্তি'র।